গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর
Dinajpur Govt. College, Dinajpur
www.dgc.edu.bd
স্থাপিত-১৯৪২ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি নম্বর: ৮১ তারিখ:

**বিষয়: 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' এঁর ১০৩তম জন্মবার্ষিকী ২০২৩ পালন উপলক্ষে রচনা প্রতিযোগিতা প্রসঙ্গে।**

সূত্র: স্মারক নং-বঙ্গস্মৃজা-২/২০২৩/চিত্রাংকন ও রচনায় অংশগ্রহণ/৪১(৬৪) তারিখ: ২৩/০২/২০২৩

দিনাজপুর সরকারি কলেজের ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর-এর উদ্যোগে 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' এঁর ১০৩তম জন্মবার্ষিকী ২০২৩ পালন উপলক্ষে রচনা প্রতিযোগিতার আয়োজন করেছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্রছাত্রীদেরকে নিম্নোক্ত শর্তাবলি অনুসরণ করে রচনা প্রতিয়োগিতায় অংশগ্রহণ করার জন্য বলা হলো।

**১। রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের বিভাগ, বিষয় ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে দেয়া হলো:**

| ক্র. নং | বিভাগ | বয়স/শ্রেণি | বিষয় | সর্বোচ্চ শব্দ |
|---|---|---|---|---|
| ১. | গ-বিভাগ | একাদশ শ্রেণি হতে দ্বাদশ পর্যন্ত | বঙ্গবন্ধু ও বিদ্রোহী মার্চ | ১০০০ হতে ১২০০ |
| ২. | ঘ-বিভাগ | স্নাতক | বঙ্গবন্ধুর তিনটি বই | ১২০০ হতে ১৫০০ |

**শর্তাবলি:**

(ক) বাংলা ভাষায় রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে।

(খ) রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীকে স্পষ্ট অক্ষরে নিজের নাম, বাবা-মায়ের নাম, পূর্ণাঙ্গ বর্তমান ও স্থায়ী ঠিকানা, বয়স, ফোন নম্বর (যদি থাকে)/মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে। না লেখা হলে বাতিল বলে গণ্য হবে।

(গ) আগামী ৩০ মার্চ, ২০২৩ তারিখের মধ্যে "কিউরেটর, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, বঙ্গবন্ধু ভবন, সড়ক নং-৩২, ধানমন্ডী আবাসিক এলাকা, ঢাকা-১২০৯" এই ঠিকানায় রচনা পাঠাতে হবে। এছাড়া bangabandhumuseum@gmail.com ঠিকানায় পাঠানো যাবে।

(ঘ) www.bangabandhumuseum.org.bd এই ওয়েব সাইটের নোটিশ মেন্যুতে ফলাফল প্রকাশ করা হবে। এছাড়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মো. আবু বকর সিদ্দিক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

(ড. মো. আব্দুর রাজ্জাক)
আহ্বায়ক
জাতীয় দিবস উদ্‌যাপন কমিটি
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, দিনাজপুর সরকারি কলেজ (শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)
২. তত্ত্বাবধায়ক, উচ্চ মাধ্যমিক শাখা, দিনাজপুর সরকারি কলেজ (শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)
৩. অফিস কপি